# ধানকোড়া ইউনিয়ন পরিষদ কার্যালয়

## ইউনিয়ন আইন শৃঙ্খংলা কমিটির নভেম্বর/২৩ সভার কার্যবিবরনী

**সভাপতিঃ জনাব মোঃ আব্দুর রউফ**
চেয়ারম্যান, ধানকোড়া ইউপি
সাটুরিয়া, মানিকগঞ্জ।

তারিখঃ ২৬/১১/২০২৩ খ্রিঃ
সময়ঃ বিকাল ২.০০ টা
স্থানঃ ইউনিয়ন পরিষদ কার্যালয়

সভায় উপস্থিত সদস্য বৃন্দের হাজিরার তালিকা **পরিশিষ্ট "ক"** দ্রষ্টব্য।

সভাপতি সাহেব উপস্থিত সদস্যবৃন্দ্রকে স্বাগতম জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

সভায় সভাপতি সাহেব অনুষ্ঠিত বিগত সভার কার্য বিবরনী পাঠ করে শুনান। বিগত সভার কার্য বিবরনীতে কোন সংশোধনী না থাকায় সর্ব সম্মতিক্রমে তাহা অনুমোদন করা হইল। অতঃপর সভায় নিম্মাক্ত বিষয় আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রমিক নং | আলোচ্য বিষয়/ আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | ইউপির সার্বিক আইনশৃংখলা পরিস্থিতি বিষয়ে:<br><br>অত্র বিষয়ে সভাপতি সাহেব বিস্তারিত জানতে চাহিলে, ইউপির দফাদার ও মহল্লাদারগন এবং মেম্বারগণ জানান যে, বর্তমান প্রেক্ষাপটে দেশের বিভিন্ন জায়গায় যদিও বিভিন্ন ধরণের অপত্যাশিত ঘটনা ঘটছে তবে আমাদের অত ইউনিয়নে বা কোন ওয়ার্ডে সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতির কোন অবনতি হয় নাই। | অত্র ইউপির আইন-শৃঙ্খলা পরিস্থিতি সাভাবিক থাকায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। এবং এ ধারা অব্যহত রাখার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল গ্রাম পুলিশদের, নিজনিজ ওযার্ড ও বাজারে/ জন সমাগমস্থলে পাহাড়া প্রদানের নির্দেশ দেয়া হয় এবং ইউপি সদস্য সহ সকলের সহযোগিতা কামনা করাহয়। এবং উর্দ্ধর্তন কর্তৃপক্ষ উক্ বষয়ে যে সকল নির্দেশনা দেন উহা যথাযথখা পালনের জন্য সকলকে নুরোধ করা হয়। | সকল ইউপি সদস্য, দফাদার ও মহল্লাদারগন ও এলাকার আনছার ভিডিপি |
| ২ | মাদক নিয়ন্ত্রন ঃ-<br>সভায় উপস্থিত সদস্যবৃন্দ জানান যে, দেশের বিভিন্ন জায়গায় ফেনসিডিল, গাঁজা, নেশা ট্যাবলেট ও নেশা জাতীয় দ্রব্য সেবন করে যুব সমাজ ক্ষতিগ্রস্থ্য হয়ে পড়ছে। তাদের দ্বরা আইন শৃঙ্খলার অবনতি ঘটার সম্ভবনা বিদ্যমান আছে। যদিও এই ইউপিতে এ ধরনের কোন কার্যকলাপ অবাধ দেখা যায়নি। তথাপি এ বিষয়ে সকলকে সজাগ থাকার বিষয়ে আলোচনা করা হয়। | ১। প্রতিটি ওয়ার্ডের সদস্য/সদস্যা গণকে মাদক বিরোধী সমাবেশ ও প্রচারনা চালানোর জন্য সভায় অনুরোধ করা হয় এবং সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। মাদক বিরোধী অভিযান জরদার করার জন্য অত্র ইউপির গ্রাম পুলিশদেরকে নির্দেশ দেওয়া হয়। | সকল ইউপি সদস্য, দফাদার ও মহল্লাদারগন ও এলাকার আনছার ভিডিপি |
| ৩ | ইবটিজিং প্রসঙ্গোঃ- | অত্র ইউপিতে এ ধরনের ঘটনা ঘটেনি। | সকল ইউপি |

মোঃ আব্দুর রউফ
চেয়ারম্যান
ধানকোড়া ইউনিয়ন পরিষদ
সাটুরিয়া, মানিকগঞ্জ।

| | | | |
|---|---|---|---|
| | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। স্কুল/কলেজ পড়ুয়া ছাত্রছাত্রী বা অপরিণত বয়স্ক ছেলে-মেয়েদেরমাঝে এধরনের ঘটনা ঘটার বেশী সম্ভবনা বিদ্যমান। সভাপতি সাহেব সভায় জানানযে, সকল ইউপি সদস্য, সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগনকে সজাগ দৃষ্টি রাখার জন্য এবং অভিভাবকগণকে এ বিষয়ে সু-দৃষ্টি রাখার অনুরোধ করেন। | তবে কখনো কোথাও অপত্যাশিত এ জাতীয় ঘটলে তা ইউপি চেয়ারম্যানকে তাৎক্ষনিক অবহিত করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | সদস্য, দফাদার ও মহল্লাদারগন এবং আনসার ভিডিপি, সংশ্লিষ্ট অভিভাবক |
| ৪ | জঙ্গিবাদ/সন্ত্রাসবাদঃ-<br>জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদ অত্র ইউনিয়নে উথান হয় নাই, এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদ যদিও অত্র ইউনিয়নে উথান হয় নাই, তবুও অপত্যাশিতভাবে যে কোন সময় মাথাচারা দিতে পারে। কাজেই এ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধিসহ এর কুফল সম্পর্কে জনসাধারকে অবহিত করার সিদ্ধান্ত গৃহিত হল। বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানে এ বিষয়ে সচেতনতা মূলক কার্যক্রম গ্রহনের জন্য সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | সকল ইউপি সদস্য, দফাদার ও মহল্লাদারগন এবং আনসার ভিডিপি |
| ৫ | বাল্য বিবাহ প্রতিরোধঃ-<br>সভায় সভাপতি সাহেব জানান যে, বিয়ের ক্ষেত্রে মেয়ের বয়স হতে হবে ন্যূনতম ১৮ বছর এবং ছেলের বয়স হতে হবে ন্যনতম ২১ বছর। যদি ১৮ বছরের নিচে কোনো মেয়েকে কিংবা ২১ বছরের নিচে কোনো ছেলেকে বিয়ে দেওয়া হয়, তাহলে ছেলে ও মেয়ের উভয়ের অভিভাবক এবং বিয়ে পরিচালনার কাজে যাঁরা জড়িত ছিলেন, বাল্যবিবাহ নিরোধ আইন অনুযায়ী তাঁরা দোষী সাব্যস্ত হতে হবেন। সে ক্ষেত্রে দুই বছর পর্যন্ত কারাদন্ড হতে পারে। কাজেই বাল্য বিবাহ প্রতিরোধ কল্পে ইউপির সদস্য/ সদস্য ও গ্রাম পুলিশগনদের দায়িত্ব রয়েছে বিধায় সভায় কাজী সাহেবের থাকা একান্ত প্রয়োজন। | মেয়ের বয়স ন্যূনতম ১৮ বছর এবং ছেলের বয়স ন্যনতম ২১ বছরের নীচে হলে কোন ছেলে বা মেয়েকে বিবাহ বন্ধনে আব্দধ করা যাবে না। যদি যদি এ আইনের ব্যত্যয় ঘটিয়ে মেয়ে বা কোনো ছেলেকে বিয়ে দেওয়া হয়, তাহলে ছেলে ও মেয়ের উভয়ের অভিভাবক এবং বিয়ে পরিচালনার কাজে যাঁরা জড়িত থাকবেন বাল্যবিবাহ নিরোধ আইন অনুযায়ী তাঁরা দোষী সাব্যস্ত হতে হবেন। সে ক্ষেত্রে দুই বছর পর্যন্ত কারাদন্ড হতে পারে।এই বিষয়ের আইন শৃঙ্খলার কমিটির সকল সদস্য সহ ইউপি সদস্য, কাজী, ইমাম এবং গ্রাম পুলিশগন সজাগ দৃষ্টি রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | কমিটি ও ইউপির সকল সদস্য ও গ্রাম, পুলিশগন |
| ৬ | ডেঙ্গু মশার বিস্তার ও এর মাধ্যমে ডেঙ্গু রোগের প্রকোপ বৃদ্ধি পেয়েছে। এ পরিপ্রেক্ষিতে নিম্নোক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সচেতন, সতর্ক হওয়া এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা দরকার: বিষয় নিয়ে সভায় বিস্তারিত আলাপ আলোচনা ও পর্যালোচনা করা হয়। | সকল অফিস, শিক্ষা প্রতিষ্ঠান ও এর আশেপাশে যেসব জায়গায় স্বচ্ছ পানি জমার সম্ভাবনা থাকে যেমন-প্রতিষ্ঠানের ছাদ, নির্মাণাধীন ভবন, ফুলের টব, বাগান, নালা, পানির ট্যাপের আশেপাশের এলাকা, পানির পাম্প, ফ্রিজ বা এসির পানি জমার স্থান, পানির বদনা, বালতি, হাইকমোড, আইসক্রিম বক্স, প্লাষ্টিক বক্স, ডাবের খোসা, নারিকেলের মালা, টায়ার ইত্যাদি সে সব জায়গা চিহ্নিত করে ০১ (এক) দিন পরপর পরিস্কার করতে হবে । ডেঙ্গু রোগ প্রতিরোধে উল্লিখিত নির্দেশনাসমূহ | স্ব-স্ব অফিস, প্রতিঠ্ঠান তাহাদের নিজ উদ্যোগে জরুরী পদক্ষেপ গ্রহন করিবেন এবং সকল প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ এ ব্যপারে যথাযথ দৃষ্টি |

মোঃ আব্দুর রউফ
চেয়ারম্যান
ধানকোড়া ইউনিয়ন পরিষদ
সাটুরিয়া, মানিকগঞ্জ।

| | | | |
|---|---|---|---|
| | | প্রতিপালনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো | রাখিবেন। |

অদ্যকার সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে সভার কার্য শেষ করা হ'ল।

স্বাঃ
২৬/১১/২৩
মোঃ আব্দুর রউফ
সভাপতি
ইউনিয়ন আইন শৃংখলা কমিট ও
চেয়ারম্যান
ধানকোড়া ইউনিয়ন পরিষদ
সাটুরিয়া, মানিকগঞ্জ।

মোঃ আব্দুর রউফ
চেয়ারম্যান
ধানকোড়া ইউনিয়ন পরিষদ
সাটুরিয়া, মানিকগঞ্জ।

| | | |
|---|---|---|
| ১। :জনাব মোঃ আব্দুর রউফ | চেয়ারম্যান | সভাপতি |
| ২। জনাব মোঃ মাফিজুর রহমান | ইউপি সদস্য | সদস্য |
| ৩। জনাব মোঃ শাহাজ উদ্দিন | ইউপি সদস্য | সদস্য |
| ৪। জনাব মোঃ দলিল উদ্দিন | ইউপি সদস্য | সদস্য |
| ৫। জনাব মোঃ ছোহরাব আলী | ইউপি সদস্য | সদস্য |
| ৬। জনাব মোঃ সেলিম আহম্মেদ | ইউপি সদস্য | সদস্য |
| ৭। জনাব মোঃ মোনায়েম খান | ইউপি সদস্য | সদস্য |
| ৮। জনাব মোঃ আব্দুছ সাত্তার | ইউপি সদস্য | সদস্য |
| ৯। জনাব মোঃ দেলোয়ার হোঃ | ইউপি সদস্য | সদস্য |
| ১০। জনাব উত্তম কুমার হালদার | ইউপি সদস্য | সদস্য |
| ১১। জনাব মনোয়ার বেগম | সঃইউপি সদস্য | সদস্য |
| ১২। জনাব ময়না আক্তার | সঃইউপি সদস্য | সদস্য |
| ১৩। জনাব হেলেনা আক্তার | সঃইউপি সদস্য | সদস্য |
| ১৪। জনাব মোঃ আবুল বাশার | প্রধান শিক্ষক | সদস্য |
| ১৫। জনাব মোঃ জাকির হোসেন | প্রা:বি: শিক্ষক | সদস্য |
| ১৬। জনাব দেওয়ান অন্তর, | স্বেচ্ছাসেবী সংগঠনের প্রতিনিধি | সদস্য |
| ১৭। জনাব মোঃ দুলার বিশ্বাস, | পরিবার প. বিভাগ প্রতিনিধি | সদস্য |
| ১৮। জনাব মোঃ সাইফুল ইসলাম, | ধর্মীয় প্রতিষ্ঠানের প্রতিনিধি, | সদস্য |
| ১৯। ২০। জনাব, মোঃ ফরহাদ হোসেন, | বাজার কমিটির প্রতিনিধি | সদস্য |
| ২১। জনাব মোঃ মিজানুর রহমান, | এনজিও প্রতিনিধি | সদস্য |
| ২২। জনাব সৈয়দ আনোয়ার হোসেন, | গণ্যমান্য ব্যক্তিবর্গের প্রতিনিধি | সদস্য |
| ২৩। জনাব মোঃ দুলাল বিশ্বাস | পরিবার কল্যাণ পরিদর্শক | সদস্য |
| ২৪। জনাব মোঃ সাইফুল ইসলাম | স্বাস্থ্য পরিদর্শক | সদস্য |
| ২৫। জনাব মোঃ আবুল কালাম আজাদ, | উপ-সহঃকৃষি কর্মকর্তা | সদস্য |
| ২৬। জনাব সৈয়দ মোঃ আনোয়ার হোসেন | গণ্যমাণ্য | সদস্য |
| ২৭। জনাব মোঃ আব্দুল মালেক | ইউপি সচিব | সদস্য-সচিব |

মোঃ আব্দুর রউফ
চেয়ারম্যান
ধানকোড়া ইউনিয়ন পরিষদ
সাটুরিয়া, মানিকগঞ্জ।